[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

সাক্ষাতকারের বিশেষ অংশটি এখানে তুলে ধরা হলো।

মেহেরপুর প্রতিদিন: আসছে নির্বাচনে আপনার প্রস্তুতি কেমন?

আব্দুর রাজ্জাক: আমি গত দুই মাস ধরে প্রতিটা গ্রামে গ্রামে যাচ্ছি এবং তাদের সমস্যার কথা শুনছি। অনেকের সমস্যা সমাধান করছি। প্রতিটা বাড়িতে বাড়িতে গিয়ে সাক্ষাত করছি। এই ৫ বছরে জনগণের অনেক দুঃখ-কষ্ট আছে সেগুলো আমাকে জনগণ বলছে আমি শুনছি। জনগণ আমাকে চেয়ারম্যান থাকা অবস্থায় যে ভাবে পেয়েছে এই চেয়ারম্যান কে পাচ্ছে না। তাই জনগণ আমাকে ভোট দেবে, বার বার তারা একই ভুল করবে না।

মেহেরপুর প্রতিদিন: আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে দলীয় মনোনয়ন পাওয়ার ব্যাপারে আপনি কতটুকু আশাবাদী?

আব্দুর রাজ্জাক: আমি ছোট বেলা থেকেই ছাত্র রাজনীতিতে ছিলাম। ১০ম শ্রেণীতে যখন পড়তাম তখন ধানখোলা ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক ছিলাম, তারপর কলেজ ছাত্রলীগের সদস্য ছিলাম, কুষ্টিয়া সরকারি কলেজে ছাত্রলীগ করেছি, মেহেরপুর সরকারি কলেজের প্রেসিডেন্ট নির্বাচন করেছিলাম, সে¦চ্ছাসেবক লীগের সহ-সভাপতি ছিলাম, উপজেলায় বর্তমানে ধানখোলা ‘খ’ ইউনিটের আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হিসেবে আছি। যখন চেয়ারম্যান ছিলাম তখন ৩ বার ফার্স্ট হয়েছি জনগণের পাশে থেকেছি সেই হিসেবে আমি ১০০% আশাবাদী আমিই মনোনয়ন পাবো। গতবার একক নাম গিয়েছিল এবারো একক নাম যাবে ইনশাল্লাহ।

মেহেরপুর প্রতিদিন: ইতোমধ্যে বিএনপি ঘোষণা দিয়েছে নির্বাচন গুলোতে অংশ নেবে। সেক্ষেত্রে আপনার ইউনিয়নে নির্বাচনটি কেমন প্রতিদ্বন্দি¦তাপূর্ণ হবে?

আব্দুর রাজ্জাক: গতবার আমার প্রতিপক্ষ হিসেবে বিএনপি প্রার্থী ছিলো, আমার সামান্য ভুলের জন্য পরাজিত হয়েছি। আমাদের মধ্যে কিছু ভুল ত্রুটি ছিলো। তবে এবার আমি সব কিছু সমাধান করেই মাঠে নামছি। এবার নির্বাচনে যা ভোট পোল হবে তার অর্ধেকের বেশি ভোট পেয়ে আমি চেয়ারম্যান হবো। সেই প্রতিশ্রুতি জনগণ আমাকে দিয়েছে।

মেহেরপুর প্রতিদিন: পুনরায় নির্বাচিত হলে কি কি করতে চান?

আব্দুর রাজ্জাক: প্রথমেই নির্বাচিত হয়ে আমার ইউনিয়নকে এ গ্রেডে নিয়ে যেতে চাই। আমার ইউনিয়নের বেকার যুবকদের কর্ম সংস্থানের

ব্যবস্থা করবো। রাস্তাঘাট নির্মাণ করবো। বর্তমানে আমার একটা সমিতি আছে যার ৪০০জন সদস্য, অল্প টাকায় লোন দিই যাতে বেকার যুবকরা ব্যবসা করে খামার করে সচ্ছল হতে পারে। সর্বপরি ইউনিয়ন পরিষদের সৌন্দর্য বর্ধন করবো।

গাংনীর কাথুলী ইউনিয়নে সবজি বীজ বিতরণ

গাংনী উপজেলার কাথুলী ইউনিয়ন পরিষদে দি হাঙ্গার প্রজেক্টের সহযোগিতায় বাড়ির আঙিনায় সবজি চাষের জন্য সবজি বীজ বিতরণ করা হয়।

গতকাল বৃহস্পতিবার ১২ টার সময় ইউনিয়ন পরিষদে এই বীজ বিতরণ করা হয়।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

এ সময় আরও উপস্থিত ছিলেন ব্লক সুপার ভাইজার আশরাফুল আলম, দি হাঙ্গার প্রজেক্টের এরিয়া সমন্বয়কারী হেলাল উদ্দীন ও ইউনিয়ন সমন্বয়কারী বাশারুল ইসলাম।

এ বিষয়ে দি হাঙ্গার প্রজেক্টের এরিয়া সমন্বয়কারী হেলাল উদ্দীন জানান, আমরা গাংনী উপজেলায় ৯ টি ইউনিয়নে বাড়ির আঙিনায় সবজি চাষের জন্য মানুষ কে উদ্যোগী করে তুলছি এবং তাদের মাঝে সবজি বীজ বিতরণ করছি। গাংনী উপজেলায় ২৭০০ পরিবারের মাঝে এই বীজ প্রদান করা হয়।

সেই ধারাবাহিকতায় আজকে কাথুলী ইউনিয়নের ৯ টি গ্রামে ৩০ জন করে মোট ২৭০ টি পরিবারের মাঝে সবজি বীজ বিতরণ করছি।

এ বিষয়ে কাথুলী ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান রানা জানান, আমরা সবজি খাই কিন্তু সেটা সার বিষে ভরা যা আমাদের শরীরের জন্য ক্ষতিকর, সেই ক্ষতি থেকে মুক্তি পেতে দি হাঙ্গার প্রজেক্টের এমন মহান উদ্যোগ অবশ্যই প্রশংসনীয়।

বর্তমানে মহামারি করোনার আক্রমনে দেশের যে ক্ষয়-ক্ষতি তা পূরণ করার জন্য কৃষি উৎপাদন বাড়াতে হবে। তাই এই বীজ বাড়িতে নিয়ে গিয়ে কেউ যেন রেখে দেবেন না। সবাই লাগালে নিজের পরিবারের চাহিদা মিটিয়ে বিক্রিও করা হবে।

পরিশেষে কাথুলী ইউনিয়নের কৃষি কর্মকর্তাদের পরামর্শ ও দেখাশোনা করার নির্দেশ দেন। যাতে করে সকলে সবজি চাষ করে লাভবান হয়।

হযরত মুহাম্মদ (সাঃ) কে নিয়ে ব্যঙ্গচিত্র প্রদর্শন করায় গাংনীতে মানববন্ধন

ফ্রান্সে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় মুহাম্মদ (সাঃ)কে নিয়ে ব্যঙ্গচিত্র প্রদর্শনকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা ও এদেশ থেকে তাদের সমস্ত ব্যবসায়ীক সম্পর্ক না রাখার দাবীতে মানববন্ধন ও প্রতিবাদ র্যালী করেছে গাংনীর বিভিন্ন মাদরাসার শিক্ষার্থীরা।

বৃহস্পতিবার বেলা ১১ টার সময় দারুসুন্নাহ মোখতারিয়া মাদ্রাসার উদ্যোগে একটি প্রতিবাদ র্যালী গাংনী শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে প্রতিবাদ সভা ও মানববন্ধন করে।

মানববন্ধন ও প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন, বাংলাদেশ ইসলামী আন্দোলনের কেন্দ্রীয় মহাসচিব মওলানা আব্দুল কাদের, হাফেজ রুহুল আমিন আশরাফি, নাজমুল হক ফারুকী ও মাওলানা ওয়াছের আলী প্রমুখ।

গাংনীতে পানির পাম্পে বিদ্যুতায়িত হয়ে বৃদ্ধের মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া গ্রামের হাটপাড়ায় পানির পাম্পে বিদ্যুতায়িত হয়ে আব্দুল বাকি নামের ষাটোর্ধ্ব বেৃদ্ধর মৃত্যু হয়েছে। নিহত বাকি ওই গ্রামের মৃত আতর আলীর ছেলে। বুধবার বেলা ১২ টার দিকে এঘটনা ঘটে।

পরিবার ও স্থানীয় সূত্র জানায়, আব্দুল বাকির বাড়িতে প্লাস্টারের কাজ চলছিল। পানির জন্য বৈদ্যুতিক মোটর (পানির পাম্প) চালু করতে গেলে পুরো মোটর বিদ্যুতায়িত হয়ে যায়। এসময় বাকি বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ঘটনা স্থলেই মারা যায়।

গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান জানান, বিদ্যুতায়িত ওই ব্যক্তির নিহতের ঘটনা শুনে পুলিশ পাঠনো হয়েছে।

গাংনীতে স্ট্যাম্প ভেন্ডার নুর ইসলামের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে বিক্ষোভ সমাবেশ

মেহেরপুরর গাংনী সাব-রেজিস্ট্রি অফিসের স্ট্যাম্প ভেন্ডার (স্ট্যাম্প সরবরাহকারি) বাহাগুন্দা গ্রামের নুর ইসলামের বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগ তুলে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে এলাকাকাসী।

বুধবার দুপুরে সাব-রেজিস্ট্রি অফিসের সামনে বিক্ষোভ সমাবেশ করেন তারা।

এসময় বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী

অফিসের মুহুরি হয়ে একটি ভুয়া সার্টিফিকেট জমা দিয়ে স্ট্যাম্প ভেন্ডারের লাইসেন্স করে কুলি থেকে কোটিপতি হয়েছে।

স্থানীয়রা তার সকল অত্যাচার সহ্য করেও চুপ করে ছিলো, কিন্তু ওই নুর ইসলাম তার কৌশল অব্যাহত রেখেছে। তার উপার্জিত অর্থ এখনো মুক্তিযুদ্ধের বিপক্ষের শক্তিকে শক্তিশালী করতে খরচ করে চলেছে। এক কালের ঘুটো কুড়োনি এ কালের জহুরি হয়ে বাংলাদেশের বিভিন্ন এলাকায় ঠিকাদারী ব্যবসা চালিয়ে আসছে। ঠিকাদারী ব্যবসায় কাজে বিভিন্ন অনিয়ম করে সরকারের উন্নয়নকে প্রশ্নবিদ্ধ ও বাঁধাগ্রস্থ করছে নুর ইসলাম।

স্ট্যাম্প ভেন্ডারী ও ঠিকাদারী লাইসেন্স এ জমা প্রদানকারি সার্টিফিকেট যাচাই করার দাবি সহ গোয়েন্দা বিভাগসহ প্রশাসনিক তদন্ত ও দুদকের হস্তক্ষেপ কমনা করেন।

এসময় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন, পৌর ছাত্রলীগের সভাপতি ইমরান হাবিব উপস্থিত ছিলেন।

এ ব্যাপারে স্ট্যাম্প ভেন্ডার নুর ইসলামের সাথে মোবাইল ফোনে একাধিকবার যোগাযোগ করা হয়। এক পর্যায়ে তিনি ফোন রিসিভ করে পরে কথা হবে বলে মোবাইল ফোন বন্ধ করে রাখেন।

গাংনীর সাহারবাটি ইউনিয়নে ওয়ার্ড সভা অনুষ্ঠিত

গাংনীর সাহারবাটী ইউনিয়ন পরিষদের ৫ নম্বর ওয়ার্ডের ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে হিজলবাড়িয়া গ্রামবাসি এ সভার আয়োজন করে।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাহারবাটী ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক। উক্ত সভায় সভাপ্রধান হিসেবে উপস্থিত ছিলেন ৫নং ওয়ার্ডের ইউপি সদস্য মোঃ আব্দুল খালেক।

সরকারের উন্নয়ন অগ্রগতি ও স্থানীয় পর্যায়ের উন্নয়ন নিয়ে আলোচনা করেন প্রধান অতিথি। তিনি বলেন, স্থানীয় সরকারের সকল সেবা পেতে ইউনিয়ন পরিষদই একমাত্র মাধ্যম।

সরকারের সহযোগীতা ইউনিয়নবাসীর দৌরগোড়ায় পৌঁছে দিতে গুরুত্বের সাথে কাজ করছে ইউনিয়ন পরিষদ। সকলের সহযোগীতায় খুবই অল্প সময়ের মধ্যে একটি আত্ননির্ভশীল ইউনিয়ন হবে সাহারবাটি ইউনিয়ন পরিষদ।

এসময় উপস্থিত ছিলেন সংরক্ষিত মহিলা সদস্য ফেরদৌসি আরা ও ইউপি সচিব আব্দুল মতিন সহ হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর রাজিয়া সুলতানাসহ স্থানীয় নেতৃবৃন্দ ও স্থানীয় ব্যক্তিবর্গ।

এ সরকারের আমলেই কাজলা নদী পুন: খনন করা হবে- জেলা প্রশাসক

মেহেরপুরের গাংনী উপজেলার কাজলা নদীতে মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা প্রশাসন ও মৎস অধিদপ্তরের আয়োজনে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান।

জেলা মৎস কর্মকর্তা সাইফুদ্দিন ইয়াহিয়ার সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম.এ খালেক।

এম.এ খালেক বলেন, পুনঃ খনন করা হলে কাজলা নদী হবে মাছের অবাধ বিচরণ ক্ষেত্র ও মৎস্য উৎপাদন ক্ষেত্র। মেহেরপুর বাসীর চাহিদানুযায়ী প্রাণীজ আমিষের ঘাটতি পূরণের পাশাপাশি কৃষি ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভুমিকা রাখবে মুতপ্রায় কাজলা নদী।

বর্ষা মৌসুমে পানি নিষ্কাশন না হওয়ায় কয়েক হাজার বিঘা জমির ফসল তলিয়ে যাওয়ার হাত থেকেও রেহায় পাবে স্থানীয় হাজারো কৃষক। সরকারের কাছে কাজলা নদী পুনঃখননের দাবী জানান এ বক্তা।

অনুষ্ঠানের প্রধান অতিথি জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান কাজলা নদীতে মাছের পোনা অবমুক্ত করণ কালে বলেন, বর্তমান সরকার দেশের বিভিন্ন এলাকার ভৈরব নদী পুনঃ খনন করেছেন। অনেক এলাকার খাল পুনঃ খনন কাজ হয়েছে। বাকিগুলো পর্যায়ক্রমে পুনঃ খনন করা হবে। ইতোমধ্যে মেহেরপুরের ভৈরব নদী পুনঃখনন করা হয়েছে। এ নদীতে বিভিন্ন শ্রেণী পেশার মানুষ মাছ শিকার করেন।

জেলা প্রশাসক ড. মুৃনসুর আলম খান আরো বলেন, বর্তমান সরকারের জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন জেলার খাল বিল ও কাজলা নদী পুনঃ খনননের উদ্যোগ নিয়েছেন। আমি কাজলা নদী পুনঃখননের জন্য আলোচনা করব। তবে খুব শিঘ্রই কাজলা নদী খনন করা হবে বলেও আশ্বস্ত করেন তিনি।

এছাড়াও অবমুক্তকৃত মাছ এমুহুর্তে না ধরার অনুরোধ করে বলেন, এ মুহুর্তে মাছ না ধরে অন্তত তিন মাস পরে মাছ ধরলে অনেক বড় সাইজের মাছ পাওয়া যাবে। তাই সকলের দায়িত্ব এ অবমুক্তকৃত মাছ এমুহুর্তে শিকার না করা। সেইসাথে কারেন্ট জাল কিংবা বেড় জাল কাজনা নদীতে ব্যবহার না করা। কেউ যদি বেড় জাল কিংবা কারেন্ট জাল ব্যবহার করে তাকে আইনের আওতায় আনা হবে বলেও হুশিয়ারি দেন প্রশাসক।

এসময় গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা আরএম সেলিম শাহনেওয়াজ, উপজেলা ভূমি কর্মকর্তা নুর-ই-আলম সিদ্দিকী, উপজেলা মৎস কর্মকর্তা রবিউল ইসলাম উপস্থিত ছিলেন।
এ সময় এক লক্ষ টাকা বরাদ্দে ৪৫৬ কেজি বিভিন্ন প্রজাতির মাছের পোনা অবমুক্ত করা হয়।

জনগণের সুখেই আমি সুখি- সোহেল আহমেদ

ইউনিয়ন পর্যায়ের নির্বাচনের আমেজ ইতোমধ্যে শুরু হয়েছে। বর্তমান চেয়ারম্যানসহ বিভিন্ন মনোনয়ন প্রত্যাশিরা ছুটছেন জনগণের কাছে। কেউ কেউ দলের উচ্চ পর্যায়েও দোড়ঝাঁপ শুরু করেছেন। স্থানীয় সরকার নির্বাচন নিয়ে মেহেরপুর প্রতিদিন এর এবারের আয়োজন ‘গ্রামীণ

জনপদে ভোট’ শীর্ষক সাক্ষাতকার পর্ব। এ পর্বে মেহেরপুর প্রতিদিন এর মুখোমুখি হয়েছিলেন গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান মো: সোহেল আহমেদ।

সাক্ষাতকার গ্রহণ করেন আমাদের নিজস্ব প্রতিবেদক পলাশ আহম্মেদ। সাক্ষাতকারের চুম্বক অংশটি এখানে তুলে ধরা হলো।

মেহেরপুর প্রতিদিন: আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে দলীয় মনোনয়ন পাওয়ার ব্যাপারে আপনি কতটুকু আশাবাদি?

সোহেল আহমেদ: আমি শতভাগ আশাবাদি আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে আমার প্রাণের সংগঠন আওয়ামী লীগ আমাকে মনোনয়ন দেবে। তাছাড়াও রাজনীতিতে প্রতিযোগীতা থাকবেই। একাধিক প্রার্থী হবে। আমার বিশ্বাস আমার রাজনৈতিক ইতিহাস ও কর্মকাণ্ড দেখে আমার জেলা আওয়ামী লীগ ও উপজেলা আওয়ামী লীগের সকলে আমাকে সমর্থন করবেন। তাছাড়া জনগণের আশা আকাঙ্খা পুরণ করার সর্বাত্নক চেষ্টা করেছি তাই জনগণের মুল্যায়নে গেলেও আমিই নোমেনেশন পাবো।

মেহেরপুর প্রতিদিন: চেয়ারম্যান হিসেবে জনগণের প্রতিশ্রুতির কতটুকু বাস্তবায়ন করতে পেরেছেন বলে মনে করেন, যাতে করে জনগণ আপনাকে পুনরায় ভোট দিয়ে নির্বাচিত করবে?

সোহেল আহমেদ: আমি এই চেয়ারে বসে দায়িত্ব নেওয়ার পর থেকেই এই ইউনিয়নের সকল মানুষকে আমি পরিবারের মত চোখে দেখি। এদের সুখ দু:খ নিয়েই আমার সুখ-দুঃখ, তাই প্রতিটি সময় মানুষের দৌড় গোড়ায় সেবা পৌঁছে দেওয়ার চেষ্টা করেছি। আপনারা জানেন ইউনিয়ন পরিষদের বরাদ্দ খুবই সল্প তার পরেও ১০০% আশা সবার পূরণ না করতে পারলেও পূরণ করার চেষ্টা করে যাচ্ছি।

ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে গ্রামে রাস্তাঘাট, স্ট্রিট লাইট, বিভিন্ন স্কুল প্রতিষ্ঠানে চেয়ার, টেবিল, বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধি ভাতা, ১০ কেজি, ১৫কেজি, ৩০ কেজি চাল থেকে শুরু করে সমস্ত কিছু জনগণের কাছে পৌঁছে দেওয়ার চেষ্টা করেছি। তাই আমি মনে করি জনগণ যে প্রতিশ্রুতি দিয়েছিলাম তার অনেক বেশি কাজ করেছি বলে মনে করি। তাই জনগণ আবারো আমাকে শতস্ফূর্ত ভাবে ভোট দিয়ে চেয়ারম্যান নির্বাচিত করবেন।

মেহেরপুর প্রতিদিন: ইতোমধ্যে বিএনপি ঘোষণা দিয়েছে নির্বাচন গুলোতে অংশ নিবে। সেক্ষেত্রে আপনার ইউনিয়নে নির্বাচনটি কেমন

প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হবে?

সোহেল আহমেদ: বিএনপি এখন অস্তিত্ব সংকটে ভুগছে। জনগণ জানে বিএনপির নৈরাজ্যের কথা। আমার মনে হয় তাদের অস্তিত্ব টিকিয়ে রাখার জন্য নির্বাচনে অংশ গ্রহণ করবে। যেখানে জনগণ ভোটের মাধ্যমে তাদের প্রত্যাখান করে উচিত জবাব দিবে। বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ উন্নয়নের মহাসড়কে চলছে। আপনারা জানেন বর্তমানে করোনা কালীন আমরা জীবনের ঝুকি নিয়ে মানুষের পাশে থেকেছি। কিন্তু বি এন পির কোন নেতা বর্গ জনগণের পাশে দাঁড়ায় নি। তাই জনগণ যাকে বিপদে পাশে পাবে তাদের বিপদে আপদে থাকবে তারা তাদের ভোট দেবে। এই জন্যেই প্রতিদ্বন্দ্বীতা কম হবে।

মেহেরপুর প্রতিদিন: আগামী নির্বাচনকে কেন্দ্র করে নির্বাচনী প্রচারনা কেমন চালাচ্ছেন?

সোহেল আহমেদ: আমি আমার কার্যক্রমের মাধ্যেমেই নির্বাচনি প্রচারনা চালাচ্ছি। আমার ইউনিয়নের ভোটার সংখ্যা ৩২০০০ হাজার তাদের এবং গাংনী উপজেলার মধ্যে একটা বৃহত্তর ইউনিয়ন। তাদের সাথে কাজের মাধ্যেমে সর্ব সময় যোগাযোগ রাখি। এবং নির্বাচনি প্রচারনা চালাচ্ছি।

মেহেরপুর প্রতিদিন: পুনরায় নির্বাচিত হলে কি কি করতে চান?

সোহেল আহমেদ: আমার মটমুড়া ইউনিয়নকে একটি মডেল ইউনিয়ন হিসেবে গড়ে দুলতে চাই। উন্নয়নের কোন কিছুর কমতি নেই। একটি স্বচ্ছ, সুন্দর ও জনবান্ধব ইউনিয়ন হিসেবে আমার ইউনিয়ন সুপরিচিত। এই ধারাবহিকতা আমি ধরে রাখবো এবং আমি আবারো নির্বাচিত হলে বাল্য বিবাহ ও মাদক মুক্ত ইউনিয়ন গড়ে তুলতে চাই।

মেহেরপুর স্টুডেন্ট

ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশনের চড়ুইভাতি ও কমিটি গঠন

মেহেরপুর স্টুডেন্ট ডেভলপমেন্ট অ্যাসোসিয়েশন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার চড়ুই ভাতি অনুষ্ঠান ও নতুন কমিটি ঘোষনা করা হয়েছে। শুক্রবার সারাদিন ভাটপাড়া ইকো পার্কে মেহেরপুর স্টুডেন্ট ডেভলপমেন্ট অ্যাসোসিয়েশন (মেসডা) চড়ুইভাতির আয়োজন করে।

চড়ুইভাতি শেষে ঐদিন বিকেলে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।এ সময় ফারজানা বৃষ্টি কে সভাপতি ও আদিয়াতুল ইসলাম লিজন কে সাধারণ সম্পাদক মনোনীত করে নতুন কমিটি ঘোষনা করে এ ছাত্র সংগঠনটি।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পাবনা সরকারি এডওয়ার্ড কলেজের প্রভাষক সারোয়ার হোসেন। অনুষ্ঠানে মেহেরপুর জেলার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীবৃন্দ অংশগ্রহণ করেন।